আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

# ANSAR-VDP UNNAYAN BANK

## শেয়ার বিভাগ

সূত্র নং-১/১৪/১০৮/ ৩১১১ — ২৯ জুন, ২০২৬

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

**বিষয়ঃ ব্যাংকের শেয়ারহোল্ডার সনাক্তকরণ এবং শেয়ার প্রোফাইল হালনাগাদ করার লক্ষ্যে "০৩ (তিন) মাসব্যাপী শেয়ার সংক্রান্ত বিশেষ সেবা কার্যক্রম-২০২৬" আয়োজন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষন করা হলো। শেয়ারহোল্ডার সনাক্তকরণ এবং শেয়ার প্রোফাইল হালনাগাদ করার লক্ষ্যে আগামী ০১ জুলাই ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত "০৩ (তিন) মাসব্যাপী শেয়ার সংক্রান্ত বিশেষ সেবা কার্যক্রম-২০২৬" ঘোষনা করা হয়েছে যা ০৪ টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হবে। । উক্ত কার্যক্রম সফল করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) "০৩ (তিন) মাসব্যাপী শেয়ার সংক্রান্ত বিশেষ সেবা কার্যক্রম-২০২৬" প্রচারের উদ্দেশ্যে সকল শাখাসমূহের প্রবেশপথে শাখা নিয়ন্ত্রন বিভাগ কর্তৃক সরবরাহকৃত ০৬ফিট/০৩ ফিট মাপের ব্যানার প্রদর্শনের জন্য শাখাসমূহকে নির্দেশনা দেয়া হলো।

(খ) শাখা ব্যবস্থাপকগনকে শাখাধীন সকল ঋনগ্রহীতা শেয়ারহোল্ডারগন এর সাথে যোগাযোগ করে স্ব স্ব শেয়ার প্রোফাইল হালনাগাদকরণ এর জন্য তথ্য সংগ্রহ করে অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এ এন্ট্রি নিশ্চিত করতে হবে।

(গ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংশ্লিষ্ট অফিসসমূহের সাথে যোগাযোগ স্থাপন ও সমন্বয়ের মাধ্যমে বাহিনী কর্তৃক আয়োজিত বিভিন্ন সভা, সমাবেশে উপস্থিত হয়ে মাঠ পর্যায়ে শেয়ারহোল্ডারদেরকে "০৩ (তিন) মাসব্যাপী শেয়ার সংক্রান্ত বিশেষ সেবা কার্যক্রম-২০২৬" এর ব্যাপারে অবহিতকরন ও তথ্য হালনাগাদে উদ্বুদ্ধকরনের জন্য শাখা ব্যবস্থাপকগনকে নির্দেশনা দেয়া হলো। এ বিষয়ে সর্বাত্মক সহযোগিতা চেয়ে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বরাবর একটি পত্র প্রেরন করা হয়েছে যা অত্রসাথ সংযুক্ত করা হলো।

(ঘ) অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এ তথ্য হালনাগাদ এর ক্ষেত্রে শাখাসমূহ কোন অসুবিধার সম্মুখীন হলে শাখা ব্যবস্থাপকগনকে "AVUB Share Dividend" নামক হোয়াটসঅ্যাপ গ্রুপে মেসেজ প্রদানের মাধ্যমে অত্র বিভাগকে অবহিত করে উদ্ভুত সমস্যা সমাধানের দ্রুত উদ্যোগ নিতে হবে।

(ঙ) শাখাসমূহ কর্তৃক শেয়ারহোল্ডারদের প্রোফাইল হালনাগাদকরন কার্যক্রম দৈনিক মনিটরিং করার জন্য, শাখাসমূহকে এ ব্যাপারে সর্বাত্নক সহযোগিতা প্রদান করার জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে শাখাসমূহকে হালনাগাদকরন কার্যক্রম গতিশীল করার জন্য তাগাদা প্রদান করে "০৩ (তিন) মাসব্যাপী শেয়ার সংক্রান্ত বিশেষ সেবা কার্যক্রম-২০২৬" সফলভাবে সম্পন্ন করার জন্য আঞ্চলিক ব্যবস্থাপকগনকে নির্দেশনা দেয়া হলো।

(চ) শেয়ারহোল্ডারদের সেবা প্রদানের লক্ষ্যে ০১৩৩৫৩০১৬২০ ও ০১৩৩৫৩০১৬২১ নম্বর এর মাধ্যমে ব্যাংকের কাস্টমার কেয়ার সেবা চালু করা হয়েছে। সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত উক্ত নম্বর হতে গ্রাহক সেবা প্রদান করা হবে। উপরিউক্ত কাস্টমার কেয়ার নম্বর এর মাধ্যমে ব্যাংকের কাস্টমার কেয়ার সংক্রান্ত ব্যবসায়িক হোয়াটসঅ্যাপ সেবা চালু করা হয়েছে।

**উল্লেখ্য যে, ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পর শেয়ার সনাক্তকরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহন করা হবে না।**

অনুমোদনক্রমে,

২৯/০৬/২০২৬ইং
(মোঃ মতিয়ার রহমান)
উপমহাব্যবস্থাপক
বিভাগ প্রধান

সংযুক্তিঃ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বরাবর প্রেরিত পত্রের কপি।

সূত্র নং-১/১৪/১০৮/ ৩১১২ — ২৯ জুন, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরনঃ

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পরিচালনা বোর্ড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উদন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
আইসিটি বিভাগকে বর্ণিত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। নথি/মহানথি।

২৭/০৬/২৫

তাসনিয়া তাহসিন রোজলিন
প্রিন্সিপাল অফিসার